ঝিনাইদহে তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেডে আগুন

ঝিনাইদহ সদর উপজেলার অচিন্তনগর গ্রামে চারকোল(পিন্টারের কালি) তৈরির একটি কারখানায় অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। গতকাল রোববার দুপুরে এ ঘটনায় ঘটে। আগুন নিয়ন্ত্রণের সময় মহাব্বত আলী নামের একজন ফায়ার সার্ভিসের কর্মী আহত হন।

ঝিনাইদহ, মাগুরা ও শৈলকুপার ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম জানান, দুপুরে অচিন্তনগর গ্রামে তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড নামের ওই কারখানায় হঠাৎ করেই আগুন ধরে যায়। মূহুর্তের মধ্যে তার পাশের গোডাউনে ধরে যায়। খবর পেয়ে ঝিনাইদহ, শৈলকুপা ও মাগুরা ফায়ার সার্ভিসের ৩ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করছে। আগুন নিয়ন্ত্রণের সময় ফায়ার সার্ভিসের এক কর্মী আহত হয়েছে। পরে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আগুনের খবর এলাকায় ছড়িয়ে পড়লে শতশত নারী পুরুষ অচিন্তনগর গ্রামে ভিড় জমায়। বর্তমানে আগুন নিয়ন্ত্রণে আছে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের ডিএডি সামিমুল ইসলাম।

স্থানীয় ইউপি সদস্য মিকাইল হোসেন জানান, তাজী এগ্রো ইন্ড্রাট্রিজ লিমিটেড এর ক্ষতির পরিমাণ প্রায় এক কোটি টাকা হবে।

আলমডাঙ্গা ও মিরপুর পোল্ট্রি খামারি এ্যাসোসিয়েশনের

# [redacted]

[redacted] [redacted] [redacted] [

কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত

তৃতীয় ধাপে অনুষ্ঠিত ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে ২ মেয়র প্রার্থীর জামানত বাজেয়াপ্ত হয়েছে। গত শনিবার (৩০ জানুয়ারী) কোটচাঁদপুর পৌরসভা নির্বাচনে আ. লীগের বিদ্রোহী (স্বতন্ত্র) প্রার্থী (মোবাইল প্রতীক) সহিদুজ্জামান সেলিম ৮ হাজার ৩’শ ৪২ ভোট পেয়ে বেসরকারি ভাবে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি মনোনিত প্রার্থী সালাহউদ্দীন বুলবুল সিডল (ধানের শীষ প্রতীক) পেয়েছেন ৭ হাজার ১’শ ২৮ভোট।

অন্যদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী পেয়েছেন ২ হাজার ৩৮ ভোট। অপরদিকে বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে পেয়েছেন ২ হাজার ৮৯ ভোট।

নির্বাচন আইন অনুযায়ী জামানত ফিরে পেতে মোট প্রদত্ত ভোটের ৮ ভাগের এক ভাগ পেতে হয়। ৩০ জানুয়ারী অনুষ্ঠিত কোটচাঁদপুর পৌর নির্বাচনে ৯ টি ওয়ার্ডে ২৭ হাজার ৪’শ ৯৩ জন ভোটারের মধ্যে ১৯ হাজার ৮’শ ৯৮ ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন। এর মধ্যে বাতিল হয়েছে ৩০১ ভোট।

সেই হিসাবে ২ প্রতিদ্বন্দ্বী প্রার্থী সহিদুজ্জামান সেলিম এবং সালাহউদ্দীন বুলবুল সিডল উভয়ে পেয়েছেন ১৫ হাজার ৪’শ ৭০ ভোট।

অপরদিকে আ. লীগের দলীয় মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী মোঃ শাহাজান আলী এবং বর্তমান মেয়র স্বতন্ত্র প্রার্থী জাহিদুল ইসলাম জিরে উভয়ে পেয়েছেন ৪ হাজার ’১শ ২৭ ভোট।

যা মোট প্রদত্ত ভোটের ৮ ভাগের কম। সেই হিসাবে তাদের জামানত বাজেয়াপ্ত হয়েছে। নির্বাচনে প্রদত্ত ভোটের হার ৭২.৩৭ শতাংশ।

মেহেরপুরে টাকাই মেলে পাসপোর্ট!

এম এফ রুপক / পাভেল মাহমুদ
মেহেরপুর অঞ্চলিক পাসপোর্ট অফিসে টাকা ছাড়া সময় মত পাসপোর্ট মিলছে না। সরকারি নির্ধারিত টাকায় পাসপোর্ট করতে গেলে হয়রানি হতে হচ্ছে গ্রাহকদের। বিভিন্ন ধরণের ভুল আছে বলে বিভিন্নভাবে হয়রানি করছে পাসপোর্ট অফিসে নিয়োজিতরা এমন অভিযোগ করেছে বেশ কয়েকজন গ্রাহক।

আবার অতিরিক্ত টাকা দিলেই কোন রকম ঝামেলা ছাড়াই হয়ে যাচ্ছে পাসপোর্ট। পাসপোর্ট অফিসের নিরাপত্তায় থাকা আনসার, পুলিশ সদস্য ও নিয়োজিত কর্মচারীরাই নিচ্ছে এই অতিরিক্ত টাকা এমন অভিযোগ ভুক্তভোগীদের। মাসের পর মাস ধরে চলা কর্মচারীদের দুর্নীতি আর সিন্ডিকেটের আধিপত্য এখন যেন প্রাতিষ্ঠানিক রূপ নিয়েছে। কিছু কর্মকর্তা-কর্মচারীর সৃষ্ট আইন ও উর্দ্ধতন কর্মকর্তার মদদ এবং ইচ্ছাকৃত গ্রাহক হয়রানি যেন নিত্য দিনের কাজ।

এ ছাড়াও অভিযোগ রয়েছে নতুন করে কেউ পাসপোর্টের জন্য অফিসে গেলে সেখানকার আনসার, পুলিশসহ ভিতরের অনেকেই সেই গ্রাহককে নিজের আয়ত্বে নেওয়ার চেষ্টা করে। কারণ হিসেবে জানা যায়, তাড়াতাড়ি পাসপোর্ট করে দেওয়া হবে অর্থের বিনিময়ে এমন প্রলোভন দেওয়া হয় গ্রাহকদের। টাকা না দিলে নির্ধারিত তারিখে তো দূরের কথা তার ২-৩ মাসের মধ্যেও আসেনা পাসপোর্ট। প্রিন্টিংএ আছে, করোনার কারণে দেরি হচ্ছে, আগে নিতে চাইলে ঢাকায় গিয়ে নিয়ে আসেন এমন কথা বলে হয়রানি করা হচ্ছে গ্রাহকদের। এমন হয়রানির হাত থেকে বাঁচতে অনেকেই প্রয়োজনের তাগিদে বাধ্য হয়ে অতিরিক্ত টাকা দিয়েই পাসপোর্ট করছেন।

নাম প্রকাশ না করার শর্তে পাসপোর্ট করতে আসা এক ভুক্তভোগী জানান, সাধারণভাবে পাসপোর্ট জমা দিতে আসলে তারা বিভিন্ন অজুহাতে বিভিন্ন ভুল ধরে বের করে দেয়। কিন্তু অফিসের লোকজনের মাধ্যমে অতিরিক্ত টাকা দিয়ে দিলে কোনো সমস্যা হয় না, এতো ফর্মালিটি মেইন্টেন করতে হয় না। এ রকম জানার পর হয়রানীর ভয়ে অতিরিক্ত টাকা দিয়ে এক দালালের মাধ্যমে পাসপোর্ট ফরম জমা দিয়েছি।

রাধাকান্তপুরের ইব্রাহিম জানান, নির্ধারিত সময়ে পাসপোর্ট না পেয়ে বাধ্য হয়ে ঢাকা থেকে নিতে হয়েছে। মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসে গিয়ে বার বার ফেরত আসতে হয়েছে। এক সময় নিরাপত্তায় থাকা আনসার সদস্য আমার সাথে দেড় হাজার টাকা দবি করে, দ্রুত পাসপোর্ট এনে দেবে বলে।

এছাড়াও অভিযোগ রয়েছে পাসপোর্ট গ্রাহকদের হাতে দেওয়ার সময় বকশিসের নামে নেওয়া হয় কয়েক’শ টাকা।

মেহেরপুর শহরের রাফিউল ইসলাম জানান, গত তিন বছর ধরে আমার পাসপোর্ট পাচ্ছিনা। অফিসে গিয়ে আমার পাসপোর্টের বিষয়ে জানতে চাইলে সবাই বিভিন্ন বাহানা শুরু করে। কখনো বলে কুষ্টিয়া যেতে হবে আবার কখনো বলে ঢাকায় থেকে নিয়ে আসেন। কিডনির সমস্যায় ভুগছি দীর্ঘদিন। ভারতে যাবো চিকিৎসা করতে। কিন্তু পাসপোর্টের অভাবে যেতে পারছিনা।

গ্রাহকদের নানা ধরণের অভিযোগের ভিত্তিতে গতকাল রবিবার ৩১ জানুয়ারি পাসপোর্ট অফিসে পরিচয় গোপন করে গেলে কথা হয় পাসপোর্ট অফিসে কর্মরত পুলিশ সদস্য রাকিবের সাথে। নতুন পাসপোর্টের আবেদন করতে হবে জানাতেই তিনি সুযোগটি লুফে নিতে এই প্রতিবেদককে অফিসের পাশে নিয়ে নতুন পাসপোর্ট ও নবায়ন করার সম্পূর্ণ প্রক্রিয়া বলেন।

তিনি বলেন, নতুন ৫ বছর মেয়াদী এমআরপি পাসপোর্ট করতে অফিস খরচসহ মোট খরচ হবে ৮ হাজার ৫০০ টাকা। সময় লাগবে ২ মাস। ৫ বছর মেয়াদী ই-পাসপোর্ট নবায়ন করতে অফিস খরচসহ লাগবে ৯ হাজার টাকা। সময় লাগবে ১ মাস। অথচ ৫ বছর মেয়াদী এমআরপি পাসপোর্টে সরকারি ফি ভ্যাটসহ নির্ধারণ করা আছে ৩ হাজার ৪৫০ টাকা এবং ই-পাসপোর্টে সরকারি ফি ভ্যাটসহ নির্ধারণ করা আছে ৪ হাজার ২৫ টাকা।

এ বিষয়ে মেহেরপুর আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপ-পরিচালক শাহিনুর রহমান জানান, সুনির্দিষ্ট অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।

অপরূপ শোভায় আকৃষ্ট দর্শনার্থীরা

এম এফ রুপক
একদিকে সূর্যমুখী ফুলের বাগান আরেক দিকে সরিষার ক্ষেত। চারিদিকে হলুদে একাকার। মাঝ দিয়ে মেঠো পথ। এ যেন চোখ ধাঁধানো মনোরম প্রাকৃতিক দৃশ্য। এই দৃশ্যের সৌন্দর্য আরেকটু বাড়িয়েছে রাস্তার দুইদিকে নারকেল গাছের সারি। এমনি প্রাকৃতিক সৌন্দর্যের দেখা মিলবে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বিএডিসি ফার্মে।

এমন অপরুপ সৌন্দর্য অবলোকন করতে প্রতিদিনই হাজারো দর্শনার্থী আসছে আমঝুপি ফার্মে। মেহেরপুর জেলার বিভিন্ন প্রান্ত থেকে ছুটে আসা দর্শনার্থীদের ভিড় থাকে দিনের শুরু থেকেই। তবে পড়ন্ত বিকেলে এর আধিক্য বেশি লক্ষ্য করা যায়। প্রিয়জনকে সাথে নিয়ে জেলার বাইরে থেকেও আসছেন অনেকেই। স্মৃতিতে গেথে রাখার জন্য সেলফিও তুলছে সবাই। এছাড়াও ছবির সৌন্দর্য আরও বাড়িয়ে দিতে সেখানে রয়েছে প্রফেশনাল ফটোগ্রাফারও। কিশোর কিশোরী থেকে শুরু করে বয়স্করাও আসছেন মনোরম দৃশ্যে চোখ বুলাতে।

আমঝুপির মেয়ে তৌহিদা আব্দুল্লাহ ২৭ বছর আগে গিয়েছিলেন পাকিস্তানে। দীর্ঘ সময় পর দেশে এসে বেড়াতে এসেছেন আমঝুপি ফার্মে। সাথে ছিল ছেলে আব্দুল্লা ও মেয়ে আয়েশা। অস্পষ্ট বাংলা আর উর্দূ মিশিয়ে মেয়ে আয়েশা জানালেন, পাকিস্তানে এই ধরনের সূর্যমুখীর বাগান নেই। এটা খুবই সুন্দর দৃশ্য। আমার বেশ ভালো লাগছে।

চুয়াডাঙ্গার ভালাইপুরের আব্দুর রাজ্জাক। পেশায় স্কুল শিক্ষক। দুই ছেলে ও স্ত্রীকে নিয়ে বেড়াতে এসেছেন আমঝুপি ফার্মে। অনুভূতি প্রকাশ করতে গিয়ে তিনি বলেন “ সত্যিই অসাধারণ”। সামাজিক যোগযাগ মাধ্যম ফেসবুকে আমঝুপি ফার্মের এই হলুদাবরণ দেখে নিজেরও ইচ্ছে হলো দেখার। তাই চলে এলাম পরিবার নিয়ে।

গাংনীর তন্নি, রাসেল, তুহিন, আবিরও এসেছেন ফার্মে। স্মৃতিতে ধরে রাখতে ছবি তুলেছেন কয়েক’শ। তারা জানালেন এমন প্রাকৃতিক সৌন্দর্য মেহেরপুরের আর কোথাও নেই। খুবই ভালো লাগছে। সকালে এসেছি, ভাবছি থাকবো সন্ধ্যা পর্যন্ত।

মেহেরপুর শহরের লিটন সরকার ও সুমনা সরকার এসেছেন এক ছেলে ও এক

মেয়েকে নিয়ে। এই দৃশ্যের প্রশংসা করে তিনি বলেন, আমি এর আগে এতো বড় সূর্যমুখীর বাগান দেখিনি। সেই সাথে পাশের সরিষার ক্ষেত সৌন্দর্যকে দ্বিগুণ করেছে। নিজের এলাকায় এতো সুন্দর দৃশ্য না দেখে কি আর থাকা যায়। তাই চলে এলাম পরিবার নিয়ে।

এ বিষয়ে আমঝুপি বীজ উৎপাদন খামারের উপ-পরিচালক আব্দুল্লাহ আল মামুন জানান, প্রতি বছরই আমরা বীজ উৎপাদনের জন্য সূর্যমুখীর চাষ করে থাকি। এ বছরও ৬ বিঘা করা হয়েছে। প্রতিদিনই অনেক দর্শনার্থী আসছেন এই দৃশ্য দেখার জন্য। আমরা সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করে দিয়েছি। তবে গাছের যেন ক্ষতি না হয় সেজন্য দর্শনার্থীদের কাছে আমাদের অনুরোধ থাকবে।

রাজনগরে কম্বল বিতরণ

রাজনগর গ্রামে অনুকম্পা ফাউন্ডেশন গরীব দুঃখী মানুষের মাঝে কম্বল বিতরণ করেছে।

প্রধান নির্বাহী ও অনুকম্পা ফাউন্ডেশন এর সভাপতি ওয়ালিদ আহমেদ শ্রাবণ, অনুকম্পা ফাউন্ডেশন এর সদস্য আব্দুর রাজ্জাক, স্বপন আহমেদ ও আকিব জাবেদ উপস্থিত ছিলেন।

এছাড়া অনুকম্পা ফাউন্ডেশনের সভাপতি জানায় তারা বিভিন্ন গ্রামে কম্বল বিতরণ করে আসছে।

আলমডাঙ্গায় ছিনতাইকারী আটক

আলমডাঙ্গার আসমানখালি ব্যাংক থেকে টাকা তুলে বাড়ি ফেরার পথে ছিনতাইকারীর কবলে পড়ে ফাহিমা নামের এক প্রবাসীর স্ত্রী। ঘটনাটি গতকাল রবিবার বিকেল ৩ টার দিকে উপজেলার আসমানখালি বাজার প্রাঙ্গণে ঘটেছে।

প্রবাসী স্ত্রীর চিৎকারে এলাকার জনসাধারণ ছিনতাইকারীকে ধরে উত্তম মাধ্যম শেষে পুলিশে দেয়।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের সাহেবপুর গ্রামের প্রবাসী শাহিনের স্ত্রী ফাহিনা খাতুন গতকাল রবিবার বিকেল ৩ টার দিকে আসমানখালি বাজারের অগ্রণী ব্যাংকে টাকা উত্তোলন করতে যায়।

ফাহিনা খাতুন ব্যাংক থেকে ৫০ হাজার টাকা তুলে বাড়ি ফিরছিলো। এ সময় দামুড়হুদা থানার বড়-দুধপাতিলা গ্রামের নুর মোহাম্মদের ছেলে ছিনতাইকারী বিপ্লব ওরফে কালু ওঁত পেতে থাকে।

ফাহিনা বাড়ি ফেরার জন্য আসমানখালি বাজারে গাড়ির জন্য অপেক্ষা করছিলো। তার হাতে টাকার ভ্যানেটি ব্যাগ ছিলো। ছিনতাইকারী কালু ওই ব্যাগ হাত থেকে নিয়ে দৌড়ে পালানোর চেষ্টা করে।

ফাহিনা চিৎকার দিলে আসমানখালি বাজারের উপস্থিত ক্যাম্প পুলিশের আইসি এসআই আব্দুর রহিম সঙ্গীয় ফোর্স ও সাধারণ জনগণ ছিনতাইকারী কালুকে ধাওয়া করে।

সাধারণ জনগণ ছিনতাইকারী কালুকে উত্তম মাধ্যম দিয়ে পুলিশের হাতে তুলে দেয়।

পুলিশ কালুকে ছিনতাই এর অভিযোগে আটক করে। পরে তাকে হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে চিকিৎসা প্রদান করে। আজ সোমবার সংশ্লিষ্ট মামলায় তাকে জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানা গিয়েছে।

দর্শনায় গাঁজাসহ ১ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ১(এক) কেজি গাঁজাসহ মোঃ সিরাজুল ইসলামকে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায়, দর্শনা থানাধীন মদনা-হৈবতপুর এর শহীদ পাঁচ কবর স্মৃতিসৌধের সামনের তিন রাস্তার উপর হতে ০১ (এক) কেজি গাঁজাসহ আসামি মোঃ সিরাজুল ইসলাম (৪৬) কে গ্রেফতার করা হয়।

আসামি সিরাজুল ইসলাম চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ছোট বলদিয়া গ্রামের মোঃ গোলাম রহমানের ছেলে। পুলিশ জানায় গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গায় পানি ও পান পড়া খেয়ে মা-মেয়ে অজ্ঞান

পীরের ছেলে পরিচয় দিয়ে প্রতারণার ফাঁদ। পানি ও পান পরা খেয়ে মা- মেয়ে অজ্ঞান। ঘটনাটি আলমডাঙ্গার মুন্সিগঞ্জ খুদিয়াখালি গ্রামে ঘটেছে। এ ঘটনায় প্রতারক কুষ্টিয়া বটতৈল এলাকার আব্দুস সালাম ওরফে রনিকে আটক করেছে পুলিশ।

জানা গেছে, কুষ্টিয়া সদর থানার বটতৈল গ্রামের মৃত ইমারত আলির ছেলে আব্দুস সালাম ওরফে রনি (১৬)। সে দীর্ঘদিন কুষ্টিয়া টু মেহেরপুর রুটে লোকাল বাসে হেলপার হিসেবে কাজ করে।

করোনাকালীন গাড়ির চাকা থামতেই রনি শুরু করে নতুন চিন্তার গাড়ি। সে বাড়ি ছেড়ে মিরপুর থানাধীন কাতলামারী গ্রামে বসবাস শুরু করে। ওখান থেকে সে চিন্তা করে সহজ উপায়ে উপার্জনের।

এরই ধারাবাহিতায় গত কয়েক মাস ধরে রনি মীরপুর থানাধীন কাকিলাদহ মাদ্রাসার সাহায্য নথি সংগ্রহ করে। ওই কাগজ দেখিয়ে বিভিন্ন জায়গায় মাদ্রাসার নামে দান হিসেবে টাকা সংগ্রহ করে। ওই টাকা সে নিজের জিম্মায় রেখে দেয়। সুযোগ বুঝে প্রতারক রনি পীরের ছেলে পরিচয় দিয়ে সাধারণ মানুষের নিকট থেকে মোটা অংকের টাকা হাতিয়ে নেয়।

এরই ধারাবাহিকতায় রনি ও কাতলামারী গ্রামের উজ্জলের ছেলে বোরহান
(১০) কে সাথে নিয়ে গতকাল রবিবার বেলা ১২ দিকে মুন্সিগঞ্জ এলাকার খুদিয়াখালি গ্রামের লোকমান হোসেনের বাড়িতে যায়। ওই বাড়িতে মা- মেয়ে ও প্রতিবেশীরা অবস্থা করছিলো। এ সুযোগে রনি সাহায্যের আড়ালে ফাঁদ পাতে।

লোকমান হোসেন বলেন, আমি বাড়িতে না থাকার সুযোগে সে মহিলাদের সাথে প্রতারণার ফাঁদ আটে। প্রথমে সে পীরের ছেলে দাবি করেন এবং সে আজমির শরিফ থেকে এসেছে বলে দাবি করে।

রনি প্রতারণার বাস্তবরূপ দিতে পানি পড়া দেয়, তার মধ্যে সেগারিন মিশিয়ে বলে আমার পড়া পানি মিষ্টি, ধুলোয় আতর মিশিয়ে দাবি করে, আধ্যাত্মিক শক্তির কারণে ধুলো দিয়ে সুবাস বের হচ্ছে।

এ সুযোগে প্রথম ধাপে ১১ শত ১০ টাকা নেয়। পরে পান পড়া খেতে দিয়ে লোকমানের স্ত্রী বুলবুলি ও মেয়ে রুমানা খাতুনের নিকট ২ হাজার টাকা দাবি করে। প্রতিবেশীরা বিষয়টি সন্দেহ করলে লোকমানকে ফোন দেয়। সে মাঠ থেকে দ্রুত বাড়িতে ফিরে তাদের আটকে রাখে। বিষয়টি মুন্সিগঞ্জ ফাঁড়ি পুলিশকে জানালে তাদের আটক করে থানা হেফাজতে রাখে।

রনির বিরুদ্ধে প্রতারণা মামলার প্রস্তুতি চলছিলো। প্রতারকের পানি ও পান পড়া খেয়ে মা-মেয়ে অজ্ঞান হয়ে যায়। এলাকাবাসী উদ্ধার করে চুযাডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

জীবননগরে করতোয়া নদী পুনঃখনন কাজের উদ্বোধন

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের মেদনীপুর থেকে পাথিলা পর্যন্ত ৬ কোটি ৭৯ হাজার টাকা ব্যয়ে ৭ কিলোমিটার করতোয়া নদী পুনঃখনন কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার সকাল ১১টার সময় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড চুয়াডাঙ্গার আয়োজনে করতোয়া মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রকৌশলী জাহেদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে করতোয়া নদী পুনঃখনন কাজের শুভ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।